

শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট (হাইস্কুল)

পঞ্চম শ্রেণিঃ বাংলা

ওয়ার্কশিট - ২

পূর্ণমান - ২০

১) সঠিক উত্তরটি নির্বাচন করোঃ (১×৮=৮)

১.১. 'ছেলেবেলা' পাঠ্যাংশে লেখকের পিতা মাঝেমাঝে চলে যেতেন -

(ক) পাহাড়ে (খ) জঙ্গলে

(গ) শহরে (ঘ) গ্রামে।

১.২. 'চিলেকোঠা' বলতে বোঝানো হয় -

(ক) দোতলার ঘর (খ) বসার ঘর

(গ) কাঠের ঘর (ঘ) ছাদের উপর সিঁড়ির ঘর।

১.৩. লেখকের প্রধান 'ছুটির দেশ' ছিল -

(ক) ঘর (খ) বারান্দা

(গ) খোলা ছাদ (ঘ) বাগান।

১.৪. রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা নয় -

(ক) কথা ও কাহিনী (খ) বর্ণপরিচয়

(গ) সহজপাঠ (ঘ) শিশু।

১.৫. মধুমিতা হাসছে - রেখাঙ্কিত ক্রিয়াটি -

(ক) সকর্মক ক্রিয়া (খ) অকর্মক ক্রিয়া

(গ) দ্বিকর্মক ক্রিয়া (ঘ) অসমাপিকা ক্রিয়া।

১.৬. একটি বাক্যকে পূর্ণাঙ্গ করে তোলার আবশ্যিক দুটি পদ বিশেষ্য ও -

(ক) ক্রিয়াপদ (খ) অব্যয় পদ

(গ) বিশেষণ পদ (ঘ) সর্বনাম পদ।

১.৭. মেয়েটি বাড়ি ফিরে গান শিখতে যায়। - রেখাঙ্কিত ক্রিয়াটি -

(ক) সমাপিকা ক্রিয়া (খ) অসমাপিকা ক্রিয়া

(গ) দ্বিকর্মক ক্রিয়া (ঘ) সকর্মক ক্রিয়া।

১.৮. সমাপিকা শব্দের অর্থ -

(ক) সমাপ্ত (খ) অবশিষ্ট

(গ) ভূমিকা (ঘ) চলমান।

■ ২) কম - বেশি ২০ টি শব্দে উত্তর দাওঃ (১×৫)

২.১. 'পিলপেগাড়ি' বলতে কী বোঝ?

২.২. 'ছেলেবেলা' পাঠ্যাংশে বালক রবির কাছে 'ওয়েসিস' কোনটি ছিল?

২.৩. একটি সকর্মক ক্রিয়াপদের উদাহরণ বাক্যে দেখাও।

২.৪. সমাপিকা ক্রিয়াপদ ও অসমাপিকা ক্রিয়াপদের মধ্যে একটি পার্থক্য লেখো।

২.৫. দ্বিকর্মক ক্রিয়াপদ কাকে বলে?

■ ৩) কম - বেশি ১২৫ শব্দে প্রশ্নের উত্তর দাওঃ (৭×১=৭)

৩.১. বালক রবি তাঁর পিতার বন্ধ ঘরে কীভাবে ঢুকতেন? পিতার কলঘরের প্রতি তাঁর আকর্ষণের কথা কীভাবে জানা যায় তা 'ছেলেবেলা' পাঠ্যাংশ অবলম্বনে লেখো। (২+৫)